# গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

রেজিঃ নং-৫৬, তারিখ-১৬/০১/২০১৭ খ্রিঃ
গ্রাম ঃ গুল্টা মিশন পাড়া, ডাকঘর ঃ গুল্টা বাজার, উপজেলা ঃ তাড়াশ, জেলা ঃ সিরাজগঞ্জ।

স্মারক নং- ০৫ তারিখ ঃ-০৭.০৭.২০২২ খ্রিঃ।

সিরাজগঞ্জ তাড়াশ উপজেলাধীন গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল সম্মানীত সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ০৯/০৬/২০২২ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পবার সমিতির কার্যালয় এ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত (বিরতীহীনভাবে) বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন'২০২২ উপলক্ষে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ০১(এক) জন চেয়ারম্যান,০১(এক) জন ভাইস চেয়ারম্যান,০১(এক) জন সেক্রেটারি, ০১(এক) জন ট্রেজারার,ও ০২ (দুই) জন ডিরেক্টরসহ সর্বমোট ০৬ (ছয়) টি পদে ০৬ (ছয়) জন প্রার্থী সরাসরি ভোটে নির্বাচিত হবেন। নির্বাচন কমিটির ০৩.০৭.২০২২ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরুপভাবে নির্বাচন'২০২২ এর নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো ঃ

## নির্বাচনী তফশীল/ ২০২২

| ক্রঃ নং | নির্বাচনী তফশীলের নাম | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | মনোনয়ন পত্র বিতরণ | ২০/০৭/২০২২ খ্রিঃ | বিকাল ০৩টা হতে বিকাল ০৫টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০২। | মনোনয়ন পত্র দাখিল/গ্রহন (নির্বাচন কমিটির নিকট) | ২১/০৭/২০২২ খ্রিঃ | বিকাল ০৩টা হতে বিকাল ০৫টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০৩। | মনোনয়ন পত্র বাছাই | ২৫/০৭/২০২২ খ্রিঃ | বিকাল ০৪টা হতে | সমিতির কার্যালয়ে। |
| ০৪। | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়ন পত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৬/০৭/২০২২ খ্রিঃ | বাছাইয়ের পর | সমিতির কার্যালয়ে। |
| ০৫। | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত বৈধ ও বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে প্রার্থীর আপত্তি থাকলে জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ এর নিকট সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯ বিধিমতে আপীল আবেদন দাখিল। | ২৭/০৭/২০২২ খ্রিঃ<br>২৮/০৭/২০২২ খ্রিঃ | সকাল ০৯ টা হতে বিকাল ০৫টা পর্যন্ত। | অফিস চলাকালীর সময় পর্যন্ত। |
| ০৬। | সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৯(২) বিধিমতে আপীল আবেদন পত্রের উপর শুনানী ও সিদ্ধান্ত গ্রহন। | ০১/০৮/২০২২ খ্রিঃ<br>০২/০৮/২০২২ খ্রিঃ<br>০৩/০৮/২০২২ খ্রিঃ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | অফিস চলাকালীর সময় পর্যন্ত।<br>জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ |
| ০৭। | আপীলের রায় ঘোষনা | ০৩/০৮/২০২২ খ্রিঃ | বিকাল ০৪ টা | শুনানী শেষে। |
| ০৮। | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চুরান্ত তালিকা প্রকাশ | ০৪/০৮/২০২২ খ্রিঃ | বিকাল ০৩ টা হতে বিকাল ০৫ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ০৯। | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের প্রেক্ষিতে) | ০৭/০৮/২০২২ খ্রিঃ | দুপুর ০৩ টা হতে বিকাল ০৪টা পর্যন্ত। | সমিতির কার্যালয়ে। |
| ১০। | চুরান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ০৮/০৮/২০২২ খ্রিঃ | সকাল ১১.০০ ঘটিকায় | সমিতির কার্যালয়ে। |
| ১১। | প্রতিদ্বন্ধি বৈধ্য প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্ধ<br>তালিকা প্রকাশ | ০৯/০৮/২০২২ খ্রিঃ | সকাল ১১ ঘটিকা<br>বিকাল ০৩ ঘটিকা | সমিতির কার্যালয়ে। |
| ১২। | ভোট গ্রহন | ১৮/০৮/২০২২ খ্রিঃ | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয়ে। |
| ১৩। | ভোট গণনা ও বিশে সাধারন সভায় নির্বাচনী ফলাফল ঘোষনা | ১৮/০৮/২০২২ খ্রিঃ | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয়ে। |

**নির্বাচনের প্রতীক সমূহঃ**

(ক) চেয়ারম্যান পদের জন্য ঃ ছাতা,চেয়ার,টেলিভিশন ।
(খ) ভাইস চেয়ারম্যান পদের জন্য ঃ আনারস,হারিকেন,উড়োজাহাজ, ।
(গ) সেক্রেটারি পদের জন্য ঃ গোলাপফুল,ফুটবল,বাইসাইকেল,কাপ-পিরিচ ,গরুর গাড়ী ।
(গ) ট্রেজারার পদের জন্য ঃ তালাচাবি, কবুতর,আপেল।
(ঘ) ডিরেক্টরপদের জন্য ঃ আম,ঘুড়ি,বই,মাছ,মোরগ,হাসঁ,দোয়েল পাখি,বাঘ,হরিণ,

উল্লেখ্য যে,প্রার্থীর তুলনায় প্রর্তিকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি তক্ষনাথ নতুন প্রর্তীক বরাদ্দ করতে পারবেন।

**"নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়"**

০১। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত ছবি গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার,তাড়াশ/জেলা সমবায় অফিসার,সিরাজগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০২। বিভিন্ন পদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের ফি (যদি থাকে) গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর রশিদের মাধ্যমে জমা করত: রশিদের কপি মনোনয়পত্রের সঙ্গে জমা দিতে হবে।

০৩। মনোনয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৭(২) বিধি যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৮৮বিধি যথাযথ অনুসরণ করতে হবে।

০৫। নির্বাচন তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্ধিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

০৬। সমবায় আইন/২০০১ এর ১৯ ধারা এবং বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি মোতাবেক ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতাসম্পন্ন সদস্যগণকে শুধু প্রতিদ্বন্দিতা করিতে মনোনয়ন পত্র গ্রহণ ও দাখিল করার জন্য অনুরোধ করা হ'ল ।

০৭। আফেরৎ যোগ্য মনোনয়ন পত্র ক্রয় নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে সংগ্রহ করা যাবে ।

০৮। নির্বাচনের সকল কার্যক্রম সমবায় সমিতি আইন/২০০১,(সংশোধন আইন/২০০২,২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর আলোকে পরিলক্ষিত হইবে।

০৯। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ন কাটাকাটি ঘষা-মাজা,কাটা ছেড়া, বা দুবার লেখা যাবে না এবং ভূল কিংবা মিথ্যা সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল বলে গন্য হবে।

১০। সমবায় সমিতি বিধিমালা,২০০৪এর ২৮ (২) বিধি মোতাবেক প্রার্থীও দাখিলকৃত মনোনয়নপত্র সঙ্গে দেওয়া তথ্যাদিও সঠিকতা যাচায়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুর্ক্ত পদ্ধতি গ্রহন করিতে পারিবে।

১১। একই ব্যক্তি একাধিক মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেনা।

১২। প্রতিদ্বন্ধী প্রার্থীর বয়স কমপক্ষে ২১ বছর হতে হবে।

১৩। প্রার্থীর মনোনয়ন পত্রের সহিত পাস পোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি সত্যায়িত,ভোটার আইডি কার্ডের ফটোকপি, মনোনয়ন সংক্রান্ত সমিতির সিদ্ধান্তের সত্যয়িত, প্রতিনিধি পরিচিতি পত্রের সত্যয়িত থাকতে হবে।

১৪। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হইবে।

১৫। কোভিড-১৯ এর কারণে সাস্থ্যবিধি মেনে নির্বাচন পরিচালনা কার হইবে।

07/07/2022

(মিঃ জুয়েল তির্কী)
সদস্য,নির্বাচন পরিচালনা কমিটি
গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট
ইউনিয়ন লিঃ,তাড়াশ,সিরাজগঞ্জ।

(মিঃ বিরক এক্কা)
সদস্য,নির্বাচন পরিচালনা কমিটি
গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট
ইউনিয়ন লিঃ, তাড়াশ,সিরাজগঞ্জ।

(মোঃ জাকারিয়া মল্লিক)
সভাপতি,নির্বাচন পরিচালনা কমিটি
গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট
ইউনিয়ন লিঃ,
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
তাড়াশ,সিরাজগঞ্জ।

স্মারক নং- ০৫

তারিখ- ০৭.০৭.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইলঃ-

০১। জনাব.......................................... সদস্য,নির্বাচন কমিটি, গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ,তাড়াশ,সিরাজগঞ্জ।

০২। সভাপতি/সদস্য, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ,তাড়াশ,সিরাজগঞ্জ ।
তাঁকে সকল সদস্যদের নিকট নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসিল যথাসময়ে সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। উপজেলা সমবায় অফিসার,তাড়াশ,সিরাজগঞ্জ।

০৪। জেলা সমবায় অফিসার,সিরাজগঞ্জ ও নির্বাচন আপীল কর্তৃপক্ষ।

০৫। সমিতির নোটিশ বোর্ড।

07/07/2022

(মোঃ জাকারিয়া মল্লিক)
সভাপতি,নির্বাচন পরিচালনা কমিটি
গুল্টা খ্রীষ্টান কো-অপারেটিভ
ক্রেডিট ইউনিয়ন লিঃ
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
তাড়াশ,সিরাজগঞ্জ।